

## মাগুরায় পলিটেকনিক

### ইনস্টিটিউট প্রতিষ্ঠার

### দাবিতে অ্যাকশন কমিটি

মাগুরা প্রতিনিধি : বিগত সরকারের সময় মাগুরা জেলায় জন্য ঘোষিত পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠার কার্যদেয় নেওয়ার পরও এটি অন্যত্র সরিয়ে নেওয়ার সরকারি সিদ্ধান্তের প্রতিবাদে গত শনিবার সর্বদলীয় অ্যাকশন কমিটি গঠন করা হয়েছে।

স্থানীয় সাংসদ আওয়ামী লীগ নেতা ডা. প্রফেসর এম এম আকবরের আহ্বানে গত শনিবার বিকালে মাগুরা পেসক্লাব মিলনায়তনে বিএনপি, আওয়ামী লীগ, জাতীয় পার্টি, জাসদসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবর্গ এক আলোচনা সভায় মিলিত হন।

উল্লেখ্য, বিগত সরকারের সময় ১৯৯৮ সালে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাগুরা জেলায় একটি পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠার ঘোষণা দেন। সে সিদ্ধান্ত মোতাবেক এটির সাইড মিলেকশন, টেন্ডার গ্রহণ ও কার্যদেয় প্রদান করা হয়। কিন্তু সম্প্রতি সরকারের একটি মহল এটিকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ ও কার্যদেয় স্থগিত করেছে। এ ঘটনার প্রতিবাদে মাগুরার বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবর্গ প্রেসক্রমে প্রতিবাদ সভায় মিলিত হয়ে আলোচনের সিদ্ধান্ত গ্রহণ করেন। এই আলোচনা সভায় বক্তব্য রাখেন স্থানীয় সাংসদ ডা. এম এম আকবর, আওয়ামী লীগ নেতা আলতাফ হোসেন, বিএনপির জেলা শাখার সাধারণ সম্পাদক নাজিমুদ্দীন আহমেদ, জাতীয় পার্টির সভাপতি প্রবীণ শিকাবিদ খান জিয়াউল হক, সম্পাদক হাসান সিরাজ সুজা, জাসদ নেতা এ টি এম মহকত আলী, আইনজীবী সমিতির সভাপতি শফিকুল ইসলাম, সম্পাদক আব্দুর রাজ্জাক প্রমুখ।

আলোচনা সভা শেষে স্থানীয় সাংসদ এম এম আকবরকে আহ্বায়ক করে একটি সর্বদলীয় অ্যাকশন কমিটি গঠন করা হয়।